

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

পত্র নং-২১.০০.০০০০.৩৬৪.২২.০১২.২১-৪৫

তারিখঃ ২৫/০২/২০২১ খ্রিঃ

বিষয়ঃ একই ক্রয়কারীর আওতায় ক্রয়কাজে অংশগ্রহণ করতে অযোগ্য ঘোষিত (Debarred) ঠিকাদারকে কোন চলমান চুক্তির অধীনে ভেরিয়েশন অর্ডার অনুমোদন সংক্রান্ত সিপিটিইউ'র মতামত।

সূত্রঃ-সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ এর স্মারক নং-৩৫.০১.৬১৫২.০০৮.২৭.০০১.২০.১৫৪৩; তারিখঃ ২৪/০১/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত পত্রে উল্লেখ করা হয়েছে যে, ঠিকাদারী প্রতিষ্ঠান, Orient Trading & Builders Ltd, সড়ক ও জনপথ অধিদপ্তরের (সওজ) ময়মনসিংহ জোনের আওতায় সকল ক্রয়কারীর অধীনে ২ (দুই) বছরের জন্য ক্রয়কার্যে অংশগ্রহণে অযোগ্য (debarred) ঘোষিত হয়েছে। এ সময়ে বর্ণিত প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন একটি কার্য চুক্তির অধীনে কার্যের ভেরিয়েশন প্রস্তাব করা হয়েছে। ভেরিয়েশন আদেশ সরাসরি ক্রয় পদ্ধতির একটি ধরণ (বিধি-৭৫)। সরকারি দরপত্রে অংশগ্রহণ বা চুক্তি বাস্তবায়নের ক্ষেত্রে দরপত্রদাতা/ঠিকাদারের আইনগত যোগ্যতা (Eligibility) থাকা এবং তা' বজায় রাখা অত্যাবশ্যকীয় শর্তের অন্যতম। ফলে বর্ণিত ঠিকাদার বর্তমানে ক্রয় কাজে অংশগ্রহণে অযোগ্য ঘোষিত হয়েছে বিধায় উক্ত ঠিকাদার ভেরিয়েশন আদেশের অধীনে কোন ক্রয় চুক্তি সম্পাদন করতে পারবে না।

০২। সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বর্ণিত বিষয়ে প্রেরিত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃ দাঃ)
সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)
ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব)
ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে): জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

১. সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
৫. অফিস কপি।